

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

Email: dirpe@dnc.gov.bd, website: www.dnc.gov.bd

৩০ মার্চ ১৪২৬

স্মারক নম্বরঃ ৫৮.০৪.০০০০.০০৭.৯৯.০৬৪.১৯- ৩৮২(৬)

তারিখ :.....

১৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ মাদকবিরোধী স্বেচ্ছাসেবী কমিটির কার্যপরিধি প্রেরণ।

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের অনানুষ্ঠানিক পত্র সংখ্যাঃ ৫৮.০৪.০০০০.০০৭.৯৯.০৬৪.১৯-২৭১০ (৪৯২),
তারিখঃ ১৯/১২/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকের সরবরাহ, চাহিদা ও ক্ষতি হ্রাস কার্যক্রমে একনিষ্ঠভাবে সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে প্রত্যেক উপজেলায় ১০ (দশ) সদস্য বিশিষ্ট মাদকবিরোধী স্বেচ্ছাসেবী কমিটি গঠনের জন্য ইতোমধ্যে সকল উপজেলা নির্বাহী অফিসার বরাবরে অনানুষ্ঠানিক পত্র প্রেরণপূর্বক নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক আপনার আওতাধীন সকল উপজেলায় আগামী ১২/০৩/২০২০ তারিখের মধ্যে কমিটি গঠনের জন্য অনুরোধ করা হলো এবং গঠিত কমিটির কার্যক্রম পরিচালনার জন্য একটি কার্যপরিধি প্রস্তুত করে এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উল্লেখ্য, এ বিষয় কোনরূপ অসংগতি পরিলক্ষিত হলে তা স্থানীয়ভাবে সমাধানসহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে তাৎক্ষণিক অবহিত করার জন্যও অনুরোধ করা যাচ্ছে। আরো উল্লেখ্য, কোন কোন জেলা কর্তৃক উপজেলায় বর্ণিতমতে অনানুষ্ঠানিক পত্র পাওয়া যায়নি বলে জানানো হয়, যা স্থানীয়ভাবে সমাধানযোগ্য এবং এ প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের কোনরূপ সহযোগিতা প্রয়োজন হলে তা জানাবেন।

০২। এমতাবস্থায়, আপনার বিভাগীয় কার্যালয়ের অধীনস্থ সকল উপজেলায় মাদকবিরোধী স্বেচ্ছাসেবী কমিটি গঠনপূর্বক গঠিত কমিটির কার্যক্রম এতদসঙ্গে সংযুক্ত কার্যপরিধি অনুযায়ী পরিচালনা করাসহ এতদবিষয়ক অগ্রগতি জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/
বরিশাল/রংপুর/সিলেট ও ময়মনসিংহ।

(মুঃ নুরুজ্জামান শরীফ এনডিসি)
পরিচালক (নিরোধ শিক্ষা)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৪৮৩২২১৭০

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক,, জেলা।
৩. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়.....
৬. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, এ কার্যালয়। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. অফিস কপি/মাস্টার ফাইল।

মাদকবিরোধী স্বেচ্ছাসেবী কমিটির কার্যপরিধিঃ-

- ১। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাদকবিরোধী প্রচার কার্যক্রম জোরদারকরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- ২। শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত কমিটিগুলো সক্রিয় ও শক্তিশালী করার ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- ৩। জনপ্রতিনিধি, সরকারি সংস্থা ও এনজিওসমূহকে মাদকবিরোধী প্রচার কার্যক্রমে সম্পৃক্ত করে স্থানীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় গণসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন।
- ৪। ক্লাব, সমিতি, সংগঠনের সাথে যোগাযোগ করে সুকুমারবৃত্তির চর্চা ও সুস্থ সংস্কৃতির বিকাশ অব্যাহত রাখতে সহযোগিতা করা।
- ৫। মাদকের চোরাচালান ও অবৈধ ক্রয়-বিক্রয় ও ব্যবহার রোধকল্পে উক্ত বিষয়ে স্থানীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসকে তথ্য প্রদান।
- ৬। স্থানীয় পর্যায়ে মাদকাসক্তদের জরিপ কাজে সহায়তা করা।
- ৭। উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- ৮। অন্যান্য প্রাসঙ্গিক বিষয়।

১৩/০২/২০২০
১৩/০২/২০২০
(মোঃ কাওসারুল হাসান রনি)
সহকারী পরিচালক (নিয়ন্ত্রণ)

১৩/০২/২০২০

মু. নূরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (নিরোধ শিক্ষা)